

## জাত পরিচিতি

ব্রি হাইব্রিড ধান৬ আমন মৌসুমের জাত। এর কৌলিক সারি নং বিআর১৩৬১এইচ। জাতটির মাতৃ সারি ইরি ও পিতৃ সারি ব্রি কর্তৃক উত্তীর্ণ কৃত। এ জাতের ক্রস কম্বিনেশন হলো আইআর৭৯১৫৬এ/বিআরআরআই২০আর। জাতটি ঢাকা, চট্টগ্রাম ও যশোর অঞ্চলে কৃষক পর্যায়ে চাষাবাদের জন্য অবস্থুক্ত করা হয়েছে।



## জাতের বৈশিষ্ট্য

- গাছের উচ্চতা ১০৫-১১০ সেমি।
- কান্দ শক্ত বিধায় ঢলে পড়ার সম্ভাবনা নেই।
- স্বাভাবিক অবস্থায় প্রতি গাছে কুশির সংখ্যা ১২-১৫টি।
- চালে অ্যামাইলোজের পরিমান শতকরা ২৪ ভাগ এবং প্রোটিনের পরিমান শতকরা ৯ ভাগ।
- দানার আকৃতি সরু ও লম্বা এবং ভাত বারবারে।
- ১০০০ দানার ওজন ২২.৬ গ্রাম।
- আমন মৌসুমে পিতৃ ও মাতৃ সারির জীবনকালের পার্থক্য ত দিন ও বোরো মৌসুমে ৬ দিন। উভয় মৌসুমে এই জাতটির বীজ উৎপাদন সম্ভব।
- আমন মৌসুমে বীজ উৎপাদনে ফলন ১.৫-২.০ টন এবং বোরো মৌসুমে বীজ উৎপাদনে ফলন ২.৩-২.৫ টন।

ব্রি হাইব্রিড ধান৬

**জীবন কালঃ** এ জাতের জীবন কাল ১১০-১১৫ দিন।

**ফলনঃ** ৬.০-৬.৫ টন/হেক্টর।

## চাষাবাদ পদ্ধতি

- স্বল্প জীবনকাল বিধায় বীজ বপনের সময�়ঃ ২১-৩১ আষাঢ় (৫ জুলাই-১৫ জুলাই)।
- চারা রোপনঃ ১৫-২৬ শ্রাবণ (৩০ জুলাই-১০ আগস্ট)।
- বীজের হারঃ ১৫ কেজি/হেক্টর।
- চারার বয়সঃ ২৫-৩০ দিন।
- রোপন দূরত্বঃ ২০ সেমি  $\times$  ১৫ সেমি।
- প্রতি গুচ্ছিতে চারার সংখ্যাঃ ১-২ টি এবং চারা লাগানোর ৫-৭ দিনের মধ্যে মরা গুচ্ছ একই বয়সের চারা দ্বারা পূরণ (Gap filling) করতে হবে।

**৭. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা) :**

ইউরিয়া টিএসপি এমওপি জিপসাম জিংক

২৭      ৮      ৭      ৮      ১

জমি তৈরীর সময় শেষ চাষে ৭ কেজি ইউরিয়া, ৭ কেজি এমওপি এবং অন্যান্য সার পূর্ণ মাত্রায় মাটির সাথে মিশিয়ে দিতে হবে। চারা রোপনের ১০-১৫ দিন পর ৪.৫ কেজি ও ৩০-৩৫ দিন পর ৪.৫ কেজি ইউরিয়া এবং সর্বশেষ ৫০-৫৫ দিন পর ৪ কেজি ইউরিয়া এবং ৪ কেজি এমওপি সার উপরি প্রয়োগ করতে হবে।

- আগাছা দমনঃ আগাছা দমনে আগাছানাশক ব্যবহার করলে প্রথম কিস্তির ইউরিয়া সার উপরি প্রয়োগের সাথে অনুমোদিত আগাছানাশক সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে এবং জমিতে সেচ দিয়ে পানি ১০-১৫ দিন ধরে রাখতে হবে।
- সেচ ব্যবস্থাপনাঃ সার উপরি প্রয়োগের পূর্বে জমি ২-৩ বার শুকিয়ে দিতে পারলে অধিক কুশি পাওয়া সম্ভব। পরিমিত সেচ ব্যবহার করতে হবে এবং ধানে দুধ আসা পর্যন্ত জমিতে প্রয়োজনীয় পানি ব্যবস্থা করতে হবে।
- রোগবালাই ও পোকামাকড় দমনঃ রোগ ও পোকামাকড়ের জন্য অনুমোদিত বালাই ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
- ফসল কর্তৃনঃ ১৫-২৬ কার্টিক (৩০ অক্টোবর-১০ নভেম্বর)।

আরো তথ্যের জন্যঃ

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd